

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
পরিকল্পনা-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০২৩.১৯.১১১

তারিখ: ৩ আষাঢ়, ১৪২৮

১৭ জুন ২০২১

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: “সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন প্রকল্প গ্রহণের লক্ষ্যে সমন্বিত সমীক্ষা” শীর্ষক
অনুমোদিত প্রকল্প (কোড নং-২২২০০৯১০০) বাস্তবায়নের জন্য অর্থ ছাড়।

সূত্র: ০৭.০০.০০০০.১০২.২০.০০৬.২০২০-২৩১, তারিখ: ১৬/০৬/২০২১ খ্রি:।

এ বিভাগ কর্তৃক ১৩/০৬/২০২১ তারিখে ৩৭.০০.০০০০.১২৪.১৪.০২৩.১৯.১০৬ নং সরকারি আদেশে অনুমোদিত
বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে স্থানীয় মুদ্রা অংশের বরাদ্দ হতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের
অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

(লক্ষ টাকা)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ ডি.পি.পি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম ১ম/২য়/৩য়/৪র্থ	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন প্রকল্প গ্রহণের লক্ষ্যে সমন্বিত সমীক্ষা (কোড নং-২২২০০৯১০০)	অনুমোদিত	৩য়-৪র্থ কিস্তি	২৬৪.৫০ লক্ষ	২.০০ লক্ষ	২৬৬.৫০ লক্ষ

২। এ ব্যয় বর্তমান অর্থ বৎসরের উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-২২, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের
(কোড নং-১২৫০১) আওতায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের “সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের অধিকতর
উন্নয়ন প্রকল্প গ্রহণের লক্ষ্যে সমন্বিত সমীক্ষা” শীর্ষক অনুমোদিত প্রকল্প (কোড নং-২২২০০৯১০০) হতে বহন করা হবে;

৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প
সাহায্যের জন্য বরাদ্দ টাকা এ অংকের বহির্ভূত);

৪। প্রকল্পটির অনুকূলে অবমুক্তকৃত অর্থ অনুমোদিত সমীক্ষা প্রকল্পের প্রাক্কলিত ব্যয় বিভাজন অনুসারে ব্যয় করতে
হবে;

৫। অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন, ২০২১ তারিখের মধ্যে অবশ্যই সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;

৬। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA-2006 এবং PPR-2008 সহ সরকারের প্রচলিত সকল আর্থিক বিধি-
বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৭। এ বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক এ অর্থ উঠাতে

পারবেন। ছাড়কৃত অর্থ ব্যয়/বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং

০৮। অর্থ বিভাগের ১৬ জুন ২০২১ তারিখের অফিস স্মারক নং ০৭.০০.০০০০.১০২.২০.০০৬.২০২০-২৩১ এর প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এ আদেশ জারি করা হলো।

...



১৯-৬-২০২১

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০২৩.১৯.১১১/১(৮)

তারিখ: ৩ আষাঢ়. ১৪২৮
১৭ জুন ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ২) উপাচার্য, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।
- ৩) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) যুগ্ম-প্রধান, অর্থ-সামাজিক অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপ-সচিব, বাজেট-২ শাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) প্রকল্প পরিচালক, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন প্রকল্প গ্রহণের লক্ষ্যে সমন্বিত সমীক্ষা প্রকল্প, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।
- ৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



১৯-৬-২০২১

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)